# মুমিন নারীদের বিশেষ বিধান

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম পরিচ্ছেদ: হজ ও উমরায় নারীর বিশেষ বিধান

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

১৩. নারী হজ ও উমরায় আঙ্গুলের অগ্রভাগ পরিমাণ মাথার চুল ছোট করবে:

হজ ও উমরায় নারীর মাথা মুণ্ডন জায়েয নয়, সে আঙ্গুলের অগ্রভাগ পরিমাণ চুল ছোট করবে। অগ্রভাগ দ্বারা উদ্দেশ্য আঙ্গুলের এক তৃতীয়াংশ।

ইবন কুদামাহ ‘আল-মুগনি’: (৫/৩১০) গ্রন্থে বলেন: নারীর বিধান হচ্ছে চুল ছোট করা, মুণ্ডন করা নয়, এতে কারো দ্বিমত নেই। ইবনুল মুনযির বলেন: এ মাস‘আলায় আহলে-ইলমগণ ঐকমত্য পোষণ করেছেন। কারণ নারীদের ক্ষেত্রে মাথা মুণ্ডন করা এক প্রকার বিকৃতি। ইবন আব্বাস থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:

«ليس على النساء حلق، إنما على النساء التقصير»

“নারীদের কাজ মাথা মুণ্ডন করা নয়, তাদের কাজ হচ্ছে ছোট করা”।[1] আলী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন:

«نهى رسول الله صلى الله عليه وسلم أن تحلق المرأة رأسها»

“রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নারীকে মাথা মুণ্ডন করতে নিষেধ করেছেন”।[2]

ইমাম আহমদ বলতেন: প্রত্যেক পার্শ্ব থেকে আঙ্গুল পরিমাণ চুল ছোট করবে। এ কথা বলেছেন ইবন ‘ওমর, শাফে‘ঈ, ইসহাক ও আবু সউর। আবু দাউদ বলেন: আমি আহমদকে শুনেছি, যখন তাকে এমন এক নারী সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল, যে সারা মাথা থেকে চুল ছোট করে। তিনি বলেন: হ্যাঁ, চুলগুলো মাথার সামনে এনে জমা করে সবপার্শ্ব থেকে আঙ্গুলের অগ্রভাগ পরিমাণ কর্তন করবে”। সমাপ্ত।

ইমাম নাওয়াওয়ী ‘আল-মাজমু’: (৮/১৫০ ও ১৫৪) গ্রন্থে বলেন: সকল আলেম একমত যে, নারীকে মাথা মুণ্ডন করার নির্দেশ প্রদান করা যাবে না; বরং তার কাজ হচ্ছে মাথার চুল ছোট করা... মাথা মুণ্ডন করা তাদের পক্ষে বিদ‘আত ও বিকৃতি।

## ফুটনোট

[1] আবু দাউদ, হাদীস নং ১৯৮৪; দারেমী, হাদীস নং ১৯০৫

[2] তিরমিযী, হাদীস নং ৯১৪; নাসাঈ, হাদীস নং ৫০৪৯

Source — https://www.hadithbd.com/books/link/?id=14726

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন